দুর্নীতি দমন কমিশন

দুর্নীতি দমন কমিশনের মাসিক প্রকাশনা

# দুদক বার্তা


- ৮ম বর্ষ
- ২৬ তম সংখ্যা
- এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ
- বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ


এক নজরে


- সম্পাদকীয়
- হটলাইনভিত্তিক অভিযান
- গ্রেফতার
- বিচার ও দণ্ড
- উল্লেখযোগ্য মামলা


১০৬ নম্বরে ফি কল করুন

## সম্পাদকীয়

বিভিন্ন প্রভাবশালী ব্যক্তিরা সরকারি সম্পত্তি দখল করেন এমন অভিযোগ প্রায়শই দুর্নীতি দমন কমিশনের অভিযোগ কেন্দ্রের হটলাইন ১০৬-এ আসে। কোনো কোনো ক্ষেত্রে লিখিত অভিযোগও আসে। পাহাড় দখল, নদী দখল, বনবিভাগের জমি, রেলওয়ে, সড়ক ও জনপথ, গণপূর্ত বিভাগের সম্পত্তি দখলের অভিযোগ পত্র-পত্রিকায়ও আসে। এসব সরকারি সম্পত্তি উদ্ধারে দুদক শতাধিক অভিযান পরিচালনা করেছে। স্থানীয় প্রশাসনের সহযোগিতায় অপদখলকৃত অনেক সম্পত্তি উদ্ধার করা সম্ভব হয়েছে।

সম্প্রতি এক অনুষ্ঠানে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ এ প্রসঙ্গে বলেন, যে সকল দুর্নীতিবাজ সরকারি সম্পদ অবৈধভাবে দখল করে ভোগদখল করছেন, নদী দখল করেছেন, লুটপাট করে সম্পত্তি গ্রাস করেছেন, এসব জনগণের সম্পত্তি ত্যাগ করুন। নইলে আপনাদের জন্য কঠোর পরিণতি অপেক্ষা করছে। দুদক চেয়ারম্যান বলেন, গণপূর্ত, সড়ক ও জনপথ, বাংলাদেশ রেলওয়ে কিংবা বনবিভাগের সম্পত্তি দখল করে রেস্ট হাউজ বানিয়েছেন। নিয়ম অনুযায়ী সরকারের সম্পত্তি সরকারের নিকট সমর্পণ করুন। নইলে কঠিন পরিণতি ভোগ করতে হবে।

দুদক চেয়ারম্যানের এই বক্তব্য এবং সরকারি সম্পত্তি উদ্ধারে কমিশনের কর্মপ্রয়াস একই সূত্রে গাঁথা। সরকারি সম্পত্তি অবৈধভাবে ভোগ দখলে রাখা দুর্নীতি দমন কমিশন আইনের তফসিলভুক্ত অপরাধ। এ অপরাধ দমনে কমিশন আইনি ম্যান্ডেটপ্রাপ্ত। তাই যে বা যারা এখনও অবৈধভাবে সরকারি সম্পত্তি ভোগ দখলে রেখেছেন তারা এসব সম্পত্তি ত্যাগ করুন। নইলে আইনি ব্যবস্থার মুখোমুখি হতেই হবে।

এদেশে বার বার সরকারি সম্পত্তি দখলকারীদের উচ্ছেদ করা হয়, কিছু দিন পরেই আবার তা অপদখলে চলে যায়। এই ইঁদুর-বিড়াল খেলা চিরতরে বন্ধ করতে হবে। স্ব-স্ব সংস্থার সম্পত্তি সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে রক্ষণাবেক্ষণ করা তাদের আইনি দায়িত্ব। এ দায়িত্ব পালনে ন্যূনতম শৈথিল্য কাম্য হতে পারে না। তাই সরকারি সংস্থায় যারা কর্মে নিযুক্ত রয়েছেন, নিজ সংস্থার সম্পত্তি রক্ষায় সচেষ্ট থাকবেন এটাই কমিশন প্রত্যাশা করে।

দুদক অভিযোগ কেন্দ্র
হটলাইন-১০৬

# অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

| অভিযানের সংখ্যা | অভিযানভুক্ত কতিপয় দপ্তর/প্রতিষ্ঠান |
|---|---|
| ১৩৯টি | জোনাল সেটেলমেন্ট অফিস; এসি (ল্যান্ড) অফিস; ইউনিয়ন ভূমি/তহসিল অফিস; উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স; শিক্ষা প্রকৌশল অধিদপ্তর; মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর; পরিবেশ অধিদপ্তর ইত্যাদি। |

# গ্রেফতার



কমিশনের বিভিন্ন মামলায় তদন্তকারী কর্মকর্তাগণ আইনি প্রক্রিয়ায় এপ্রিল মাসে ২০১৯ মাসে পাঁচজনকে গ্রেফতার করেছেন।

| গ্রেফতারকৃত আসামির নাম | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| গোলাম সৈয়দ রাসেব, প্রিন্সিপাল অফিসার ও ঋণ কর্মকর্তা, ঢাকা ব্যাংক লিঃ, ফেনী শাখা, ফেনী ও অন্যান্য ০২ জন। | ঢাকা ব্যাংক লিঃ ফেনী শাখায় কর্মকালে ৩৮ জন গ্রাহক এর হিসাব হতে বিভিন্ন অংকের অর্থ বিভিন্ন ব্যক্তির হিসাবে প্রতারণার মাধ্যমে ৭ কোটি ৮ লক্ষ ৪০ হাজার টাকা স্থানান্তর করে পরস্পর যোগসাজশে উত্তোলনপূর্বক আত্মসাৎ। |

| গ্রেফতারকৃত আসামির নাম | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| মো: হেমায়েত উদ্দিন তালুকদার, প্রাক্তন অফিসার, বেসিক ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা। বর্তমানে-এভিপি, সিটি ব্যাংক লিঃ, বঙ্গবন্ধু এভিনিউ শাখা, ঢাকা ও অন্য ০১ জন। | বেসিক ব্যাংক লিঃ (ঋণদাতা), টেকনো ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট লিঃ (ঋণ গ্রহীতা) ও এডভান্স ডেভেলপমেন্ট টেকনোলজিস লিঃ (বন্ধকদাতা)'র মধ্যে সম্পাদিত ত্রিপক্ষীয় চুক্তি ও ঋণ মঞ্জুরির শর্তভঙ্গ করে এডভান্স ডেভেলপমেন্ট টেকনোলজিস লিঃ'র স্থলে টেকনো ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট লিঃ -কে ৭৫.৬৬ কোটি টাকা ঋণ বিতরণ ও উত্তোলনের মাধ্যমে আত্মসাৎ। |

**সততা সুন্দর**
**সততা মহৎ**
**সততা জীবনের**
**আলোকিত পথ।**


"দুর্নীতিবাজদের বিরুদ্ধে
দুদক আছে সারাদেশে"

ঘুষ, অর্থপাচার, অবৈধ সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, সরকারি সম্পদ ও অর্থ আত্মসাৎ প্রতিরোধে

কল করুন টোল ফ্রি নম্বরে ১০৬

দুর্নীতি দমন কমিশন




দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যেকোনো ফোন

## গুরুত্বপূর্ণ মামলার বিচার ও দণ্ড



এপ্রিল মাসে ২৯ টি মামলা বিচারিক আদালতে রায় হয়েছে। এর মধ্যে ২১টি মামলায় সাজা হয়েছে। সাজা হওয়া উল্লেখযোগ্য কতিপয় মামলা।


| আসামির পরিচিতি | বিচারিক আদালতের রায়ের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| গাজী ওয়াহিদুজ্জামান, সাবেক মাঠ সংগঠক, বিআরডিবি, পিইপি, আলফাডাঙ্গা, ফরিদপুর। | আসামি গাজী ওয়াহিদুজ্জামানকে ০৮ বছরের সশ্রম কারাদণ্ডসহ ২,১৩,৫২১/- টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান। |
| মোঃ শামসুল হক, কোহিনুর কেমিক্যাল, লিঃ ও অন্যান্য ০৭ জন। | পলাতক আসামি মোঃ শামসুল হককে ০৭ বছরের বিনাশ্রম কারাদণ্ডসহ ০৫ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ মাসের কারাদণ্ড, পলাতক আসামি শাহজাহান, মোঃ মোফাজ্জল হোসেন, সিরাজুল ইসলাম, মোঃ আলী হোসেন ও হাতেম আলীকে ০৫ বছরের বিনাশ্রম কারাদণ্ডসহ ০৩ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে আরো ০৩ মাসের কারাদণ্ড। |
| কবির আহম্মদ, উপ-মহাব্যবস্থাপক (বর্তমানে চাকুরিচ্যুত) রূপালী ব্যাংক লিঃ ঢাকাসহ ০৭ জন। | আসামি কবির আহম্মদ ও অন্যান্য ০৬ জনের প্রত্যেককে ০৫ বছর করে কারাদণ্ড ও ১০ লক্ষ টাকা জরিমানা প্রদান। |

## দায়েরকৃত উল্লেখযোগ্য কয়েকটি মামলা



কমিশন এপ্রিল মাসে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাৎ, জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ১৮টি মামলা দায়ের করেছেন। উল্লেখযোগ্য কতিপয় মামলার বিবরণ:

| আসামির পরিচিতি | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| টিপু সুলতান, চেয়ারম্যান, মাররীন ভেজিটেবল অয়েল লিঃ, চট্টগ্রাম ও অন্যান্য ০৪ জন। | ২৫৬,৫৬,১৬,৩৭৩/- টাকা আত্মসাৎসহ মানিলন্ডারিং করার অভিযোগ। |
| তাসলিম আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, বিটস ফ্যাশন লিঃ, পূর্ব চান্দুরা, সফিপুর, কালিয়াকৈর, গাজীপুর ও অন্যান্য ০৫ জন। | এবি ব্যাংক লিঃ কাকরাইল শাখা ঢাকা হতে ৩৬,৬৭,২৩,৬৩৯/- টাকা আত্মসাৎ। |
| অধ্যাপক ডাঃ মোঃ রেজাউল করিম, সাবেক অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ (বর্তমানে অবঃ) চট্টগ্রাম ও অন্যান্য ০৯ জন। | ৩৭.৫০ কোটি টাকা আত্মসাৎ এবং আত্মসাৎকৃত অর্থ স্থানান্তর/ রূপান্তরের মাধ্যমে ভোগদখলের অপরাধ। |



# সভা-গণশুনানি-অভিযান কর্মসূচী




মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বক্তব্য রাখছেন
দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ।




শ্রেষ্ঠ মহানগর/জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির পুরস্কার প্রদান
অনুষ্ঠান উদ্বোধন করেন দুদক কমিশনার এ.এফ.এম আমিনুল ইসলাম।




রাজশাহী গণশুনানিতে বক্তব্য রাখছেন দুদক
কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান।



গণশুনানিতে উপস্থিত দর্শকবৃন্দ।



দুদক অভিযোগকেন্দ্র-১০৬ এ অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান।



সিলেট শ্রেষ্ঠ মহানগর/জেলা এবং উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির
সদস্যদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কমিশনের
সচিব মুহাম্মদ দিলোয়ার বখ্ত।

যোগাযোগ : নির্বাহী সম্পাদক
দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় ১ সেগুন বাগিচা, ঢাকা, ফোন: ৯৩৫৩০০৪-৮
ওয়েব সাইট : www.acc.org.bd